

“মুজিব বর্ষের আহ্বান,
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd



নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩১.২২. ২০

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
২৬ মার্চ ২০২৩

অফিস আদেশ

যেহেতু জনাব মাহফুজা আখতার, ফিল্ড-সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এর নিকট থেকে জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম, পিতা মোঃ আবুল মুনছুর, গ্রাম-ফুলকোচা, উপজেলা-মেলান্দহ, জেলা-জামালপুর কর্তৃক জামালপুর শহরে পাঁচ রাস্তার মোড়ে ৮ বছরের জন্য চুক্তি সম্পাদন করে নগদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা জামানত ও ৫,১২,৪৬৭/- টাকার উন্নয়ন বাবদ স্থায়ী কাজ করে একটি দোতলা ভবন ভাড়া নিয়ে জুলেখা জেনারেল হাসপাতাল লিঃ পরিচালনা করে আসছেন। জনাব মাহফুজা আখতার উক্ত ভবন থেকে অভিযোগকারী জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম এর সহিত চুক্তির শর্ত ভঙ্গ করে জোরপূর্বক ভবনটি দখল নেন। এপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম বাদী হয়ে জামালপুর সদর থানায় তার বিরুদ্ধে সি. আর মামলা নং ১১৭(১) ২০১৮ দায়ের করেন। বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বিতীয় আদালত, জামালপুর বিগত ১০/০১/২০১৯ তারিখ পেনাল কোড-১৮৬০ এর ৪০৬/৪২০/১০৯ ধারায় অভিযোগ গঠন করেন এবং উক্ত মামলা সাক্ষ্য প্রমাণ গ্রহণান্তে তাকে বিগত ২০/০২/২০২০ তারিখ বিজ্ঞ আদালত ১(এক) বছরের সশ্রম কারাদন্ড প্রদান করেন। তিনি বিগত ২৫/০২/২০২০ তারিখ জেলা দায়রা জজ আদালত, জামালপুরে আপীল দায়ের করেন (নম্বর ৫৭/২০২০ ক্রিমিনাল আপীল)। বিজ্ঞ দায়রা জজ আদালত, জামালপুর গত ২৬/১০/২০২১ তারিখ পেনাল কোড-১৮৬০ এর ৪০৬ ধারা মতে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বিতীয় আদালত, জামালপুর প্রদত্ত ১(এক) বছরের সশ্রম কারা দন্ডাদেশ হ্রাস পূর্বক ০৬(ছয়) মাসের সশ্রম কারাদন্ডাদেশ প্রদান করেন;

যেহেতু উপরোল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদফতরের আদেশ নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৯৩.২১.৯৯ তারিখ ০৭/০৩/২০২২ যোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ০৭/২০২২ তারিখ ২৩/০৩/২০২২) রুজু করা হয়;

যেহেতু তিনি পরবর্তীতে জেলা জজ আদালত, জামালপুর এর বিগত ২৬/১০/২০২১ তারিখের আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিমকোর্ট এর হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল রিভিশন মামলা নং ৭৭/২০২২ দায়ের করেন। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ বিগত ১৫/১২/২০২২ তারিখ আদেশ প্রদান করেন। আদেশে তার ক্রিমিনাল রিভিশন মামলাটি **The Rule is made absolute** করেন এবং তাকে সম্পূর্ণ নির্দোষী হিসেবে খালাস প্রদান করায় তিনি তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেন;

সেহেতু জনাব মাহফুজা আখতার, ফিল্ড-সুপারভাইজার (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর কে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিজ্ঞ আদালতের রায় এবং অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতনভাতাদি প্রাপ্য হবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(সৈয়দ মোঃ নুরুল বাসির)

যুগ্মসচিব

পরিচালক(প্রশাসন ও অর্থ)

☎ ০২৫৫০০৭০২২


ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩১.২২.২০ (১৩)

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৪. উপপরিচালক (প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শেরপুর।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৭. উপজেলা সমাজসেবা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৮. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৯. জনাব মাহফুজা আখতার, ফিল্ড-সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর।
১০. অফিস কপি।


স্বপন কুমার হালদার

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ০২৫৫০০৭৩৭০

